

পারিবারিক পরামর্শ কেন্দ্র

- প্রাক্তন ওসপেডাল জি. বি. গিউস্টিনিয়ান, ডর্সোদুরো ১৪৫৪, ভেনিস
০৪১ ৫২৯৪০৫৪
বুধবার এবং শুক্রবার (৯.৩০-১২.৩০)
- ক্যাম্পো মাটে, গিউডেকা ৯৩৬, ভেনিস
০৪১ ৫২৮৯২৫৮
মঙ্গলবার (৯-১২.৩০)
শুধু যুবদের জন্য সোমবার (১৪.৩০-১৭.৩০)
- ওসপেডাল আল মারে, লিডো
০৪১ ৫২৯৫৩২৭
বুধবার (১৪.৩০-১৭)
শুক্রবার (৯.৩০-১২)
- স্যান মাউরো ২১২, বুরানো
০৪১ ৭৩৫৫৮০
বুধবার (১০-১২)
- ভায়া কনকর্ডিয়া ২৯, কা' স্যাভিও
০৪১ ৫৩০০২৩৩
বৃহস্পতিবার (৯.৩০-১২.৩০ এবং ১৪.৩০-১৭.৪০)
- ভায়া ট্রিয়েস্টিনা, ফাভারো ভেনেতো
০৪১ ৬৩৪০৬৩
সোমবার এবং বুধবার (৮.৩০-১২.৩০)
- ভিয়ালে গ্যারিবন্ডি ১৫১, ক্যারপেনেডো
০৪১ ৫৩৪৬২৬৩
মঙ্গলবার (৮.৩০-১০.৩০)
শুক্রবার (৮.৩০-১১.৩০)
শুধু যুবদের জন্য সোমবার (১৪.৩০-১৭.৩০)
- ভায়া দান্তে ৬৫, মেস্টর
০৪১ ৯৮৬৭৬৭
সোমবার এবং শুক্রবার (৮.৩০-১২.৩০)
শুধু যুবদের জন্য মঙ্গলবার এবং বৃহস্পতিবার (১৪.৩০ - ১৭.৩০)
- ভিয়ালে স্যান মারকো ১১৫, মেস্টর
০৪১ ৫৩১৭৪৩৯
সোমবার (৮.৩০-১২.৩০)
বুধবার (১৪.৩০-১৭.৩০)
- ভায়া ক্যালাব্রিয়া ১৯, চিরিগনাগো
০৪১ ২৬০৮২২৪
সোমবার (৮.৩০-১১.৩০)
বৃহস্পতিবার (১৩-১৬)
- ভায়া কাস্টেলানা ১৫৪, জেলারিনো
০৪১ ৯০৯৪২৪
সোমবার (১৪.৩০-১৬.৩০)
মঙ্গলবার এবং বৃহস্পতিবার (৯-১১)
- ভায়া টমাসেও ৭, মার্ঘেরা
০৪১ ৯৩৬৯৭৮
সোমবার (১৪.৩০-১৭.৩০)
বৃহস্পতিবার (১১-১৩)
শুধু যুবদের জন্য বুধবার (১৪.৩০-১৭.৩০)
- ভায়া ডেল'এবরা ৩৫, ম্যালকন্টেনটা
০৪১ ৫৪৭০১৮০
সোমবার (৯-১২)
- ভিয়ালে স্যান মারকো ৭৬, মারকন
০৪১ ৫৯৫৭১১৭
সোমবার (৮.৩০-১০.৩০)
মঙ্গলবার (১০.৩০-১২.৩০)
- ভায়া তাগিলামেন্টো, কোয়ার্টো ডি'আলটিনো
০৪২২ ৮২৪৯৫৭
বৃহস্পতিবার (৮.৩০-১১)

পরামর্শ কেন্দ্রে আপনি অনেকগুলো ভাষায় এই পুস্তিকাটি পাবেন।
কোম্পানীর ওয়েবসাইট থেকে পি.ডি.এফ. (PDF) ভাঙ্গান ডাউনলোড
করা যাবে।

www.ulss12.ve.it

পারিবারিক পরামর্শ কেন্দ্র

বয়ঃসন্ধি, গর্ভাবস্থা,
রজোনিবৃত্তি এবং
পারিবারিক দ্বন্দ্ব।



এটি কি

পরামর্শ কেন্দ্র হচ্ছে একটি পরিষেবা যা জীবনের কঠিন সময়ে সুনির্দিষ্ট সহায়তা প্রদান করে যেমন বয়ঃসন্ধি, গর্ভাবস্থা, রজোনিবৃত্তি, এবং স্বামী/স্ত্রী'র বিচ্ছেদ।

কেন্দ্রের পরামর্শদাতারা এই ধরনের সমস্যায় সহায়তা করার জন্য প্রস্তুত, কারণ তারা বিশেষজ্ঞ: স্ত্রীরোগ বিশেষজ্ঞ, মনোবিদ, ধাত্রীবিদ, চিকিৎসকের সহকারী, সমাজকর্মী এবং আইনজীবী।

পরামর্শ কেন্দ্র বিনামূল্যে সেবা প্রদান করে এবং সবার জন্য উন্মুক্ত। কোন কোন স্বাস্থ্য সেবার জন্য ফি প্রদানের প্রয়োজন হতে পারে।

পরামর্শ কেন্দ্রটি স্থানীয় (মিউনিসিপ্যালিটি, স্কুল, সংস্থা) হাসপাতাল এবং অন্যান্য সংগঠন ও পরিষেবার সাথে সহযোগিতার ভিত্তিতে পরিচালিত হয়।

কিভাবে এর সেবা পাওয়া যাবে

পরামর্শ কেন্দ্রের সেবা সবার জন্য উন্মুক্ত, এমনকি যাদের বৈধ রেসিডেন্সের কাগজপত্র নেই তাদের জন্যও।

দীর্ঘ সময় অপেক্ষা করা এড়ানোর জন্য, আগে থেকে অ্যাপয়েন্টমেন্ট করে রাখা ভালো, টেলিফোনের মাধ্যমে বা কেন্দ্র খোলা থাকার সময় কেন্দ্রে গিয়ে অ্যাপয়েন্টমেন্ট করা যায়। আপনার পারিবারিক ডাক্তারের সুপারিশের প্রয়োজন নেই।

১৪ থেকে ২১ বছর বয়সী যুবরা বিশেষ সময়ে এবং বিশেষ স্থানে আসতে পারে।

আপনার নিকটবর্তী পরামর্শ কেন্দ্র খুঁজে পাওয়ার জন্য, এই পুস্তিকার শেষ পাতায় ভেনেশিয়ান উলস ১২ (Venetian Ulss 12)-এর এই অঞ্চলের সব অবস্থানের একটি তালিকা দেয়া আছে।

এটি কি কি প্রদান করতে পারে

পারিবারিক পরামর্শ কেন্দ্র সুনির্দিষ্ট বিষয়ে তথ্য এবং সেবা প্রদান করে যার অন্তর্ভুক্ত রয়েছে:

- জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর ব্যবহার ও কার্যকারিতা;
- স্তন ও মহিলাদের জননাঙ্গের ক্যান্সার প্রতিরোধ;
- যৌনরোগ প্রতিরোধ;
- গর্ভাবস্থা;
- স্বেচ্ছায় গর্ভপাত করা;
- রজোনিবৃত্তি।

মহিলা ও দম্পতিদের জন্য নিম্নলিখিতগুলো প্রদান করা হয়:

- জন্মের সময়কার ত্রুটি প্রতিরোধের জন্য পরামর্শ এবং গর্ভধারণের আগে ঝুঁকির কারণগুলো চিহ্নিত করা;
- গর্ভাবস্থায় শিশুর জন্মসংক্রান্ত এবং জন্মপূর্ব সহায়তা, মানসিক ও সামাজিক সমর্থন, জন্মের প্রস্তুতির জন্য কোর্স, বুকের দুধ খাওয়ানোতে সাহায্য, জন্ম-পরবর্তী চেকআপ এবং কোর্স।

স্কুলের জন্য এটি পরিচালনা করে:

- স্বাস্থ্য শিক্ষা কর্মসূচি
- শিক্ষার্থীদের জন্য সামাজিক কেন্দ্র

যে সব দম্পতি দত্তক সন্তান নিতে চায় তাদের জন্য এটি প্রদান করে:

- তথ্য;
- ব্যক্তিগত এবং/অথবা গ্রুপ প্রস্তুতিমূলক বৈঠক;
- দত্তকের জন্য আবেদনকারী দম্পতির মূল্যায়ন (জুভেনাইল কোর্টের আদেশক্রমে);
- দত্তক-পরবর্তী সময়ে সহায়তা।

যেসব দম্পতির সন্তান রয়েছে তাদেরকে আমরা পরামর্শ ও তথ্য প্রদান করি এবং তাদের প্রশ্নের উত্তর দিয়ে থাকি:

- পারিবারিক দ্বন্দ্ব নিরসনের জন্য সহায়তা;
- পারিবারিক মধ্যস্থতা, এতে অন্তর্ভুক্ত রয়েছে পিতা-মাতা আলাদা হয়ে গেলে ঐক্যমতে পৌঁছানোর বিষয়ে পরামর্শ সহায়তা;
- পারিবারিক আইন বিষয়ক ব্যাখ্যা।

১৪ থেকে ২১ বছর বয়সী যুবদের জন্য এই কাউন্সেলিং সেন্টার যে সব বিষয়ে লিসেনিং (শোনার জন্য), পরামর্শ এবং তথ্য প্রদান করে সেগুলো হচ্ছে:

- যৌনতা এবং আবেগগত জীবন;
- পিতা-মাতার সাথে সম্পর্ক।
- তাদের সমবয়সীদের সাথে সম্পর্ক।